# কর বাড়াতে সওয়াল বিবেকের




এই সময়: দেশে করের হার বাড়ানোর পক্ষে সওয়াল করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর অর্থনৈতিক উপদেষ্টা পর্ষদ চেয়ারম্যান বিবেক দেবরায়। তাঁর স্পষ্ট বক্তব্য, বিভিন্ন খাতে সরকারের খরচ বাড়াতে হলে আয় বাড়ানো প্রয়োজন। মঙ্গলবার কলকাতায় ক্যালকাটা চেম্বার অফ কমার্স আয়োজিত এক অনুষ্ঠানে তিনি বলেন, 'যে কোনও ছাড় জীবনকে জটিল করে। বাড়িয়ে দেয় কমপ্লায়েন্স খরচ। পছন্দ করুন বা না-ই করুন। হয় করের হার বাড়াতে হবে, নয়তো পশ্চিমী দুনিয়ার মতো বিমানবন্দর কিংবা চিনের মত রেল স্টেশন এ দেশে হবে না।'

বিবেক জানান, স্বাস্থ্য, শিক্ষা, প্রতিরক্ষা ও পরিকাঠামোয় সরকারকে জিডিপি'র যথাক্রমে ৪%, ৬%, ৩% ও ১০% খরচ করতে হয়। তাঁর প্রশ্ন, 'কিন্তু, নাগরিক হিসেবে আমরা জিডিপির কত শতাংশ কর দিই? ১৫%। সেই কারণে কর বাবদ আয় বাড়ানোর জন্য করের হার বাড়াতে হবে।' তবে ভোটের আগে সেই সম্ভাবনা কার্যত নেই বলেই তিনি একইসঙ্গে জানিয়েছেন।

তাঁর এই বক্তব্যে জল্পনা তৈরি হয়েছে যে তা হলে কি আগামী বছর লোকসভা ভোটের পরে কেন্দ্র পুরনো আয়কর কাঠামো একেবারে তুলে নেবে। বর্তমানে পুরনো ও নতুন আয়কর কাঠামো, দুটোই রয়েছে। পুরনো আয়কর কাঠামোয় ইনভেস্টমেন্টে কর ছাড় পাওয়া যায়। নতুন কাঠামোয় এসব ছাড় মেলে না।

বিবেক জানিয়েছেন, জিএসটির জন্য কেন্দ্র রাজস্ব হারাচ্ছে। তাঁর মতে, জিএসটির একটাই হার হওয়া উচিত। বিবেক বলেন, 'আইডিয়াল জিএসটির একটাই হার হওয়া উচিত এবং তার অর্থ রেভিনিউ নিউট্রাল। যখন জিএসটি চালু হয়েছিল, তখন করের গড় হার ছিল ১৭%। যা এখন ১১.৪%। জিএসটির জন্য সরকার রাজস্ব হারাচ্ছে।' তাঁর দাবি, সাধারণ মানুষ থেকে জিএসটি কাউন্সিলের সদস্যরা, সকলে চায় জিএসটির ২৮% হার কমুক, কিন্তু, কেউই ০% ও ৩% হারকে বাড়াতে চায় না। বিবেকের বক্তব্য, 'এভাবে আমরা জিএসটিকে সরল করতে পারব না।'